অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2023 **গভর্নর ক্যাথি হোকল**

2023 সালে স্টেট প্রিপেয়ার্ডনেস ট্রেনিং সেন্টারে নিউ ইয়র্ক স্টেট এবং স্টেটের বাইরে থেকে প্রায় 8,000 জন পাবলিক সেফটি পেশাদার প্রশিক্ষণ সম্পন্ন করেছেন তা গভর্নর হোকল ঘোষণা করেছেন

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস স্টেটের জননিরাপত্তা বিষয়ক সংস্থা এবং কর্মীদের বর্তমান এবং ক্রমবর্ধমান হুমকি মোকাবেলার জন্য বছরব্যাপী প্রশিক্ষণ প্রদান করে থাকে

জননিরাপত্তা বিষয়ক 676 জন কর্মকর্তা চালকবিহীন বিমান সিস্টেম প্রশিক্ষণ সম্পন্ন করেছেন

176 জন জরুরি সেবাদানকারী সুইফট ওয়াটার/ফ্লাড রেসকিউ ট্রেনিং সম্পন্ন করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে 2023 সালে ওরিস্কানির স্টেট প্রিপেয়ার্ডনেস ট্রেনিং সেন্টার (State Preparedness Training Center) নিউ ইয়র্ক স্টেট জুড়ে এবং এর বাইরে আইন প্রয়োগকারী, ফায়ার সার্ভিস ও জরুরি ব্যবস্থাপনা সহ বিভিন্ন শৃঙ্খলা এবং সংস্থার প্রায় 8,000 জন্য স্থানীয়, স্টেট এবং ফেডারেল জননিরাপত্তা পেশাদারকে প্রশিক্ষণ দিয়েছে।। স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস কর্তৃক পরিচালিত সেন্টারটি গত বছর অফার করা প্রশিক্ষণটি এই পেশাদারদের বর্তমান এবং ক্রমবর্ধমান হুমকি মোকাবেলা করতে, বিভিন্ন পরিস্থিতিতে ওয়াটার রেসকিউ এর কাজ করতে এবং জরুরি প্রতিক্রিয়ার সমস্ত দিক সম্পর্কে জ্ঞান বাড়াতে সাহায্য করেছিল। উদাহরণস্বরূপ, জননিরাপত্তা বিষয়ক 676 জন পেশাদার তাদের জননিরাপত্তা মিশনে চালকবিহীন বিমান সিস্টেমগুলোকে কিভাবে একীভূত করতে হয় তা শিখেছেন এবং 176 জন জরুরি সেবাদানকারী কেন্দ্রের সুইফট ওয়াটার/ফ্লাড রেসকিউ ফ্যাসিলিটিতে ওয়াটার রেসকিউ কোর্সগুলো সম্পন্ন করেছেন যাতে তারা স্টেট জুড়ে বন্যা এবং সুইফট ওয়াটার সংশ্লিষ্ট জরুরি পরিস্থিতিতে সেবাদান করতে সক্ষম হয়।

"আমার কাছে জননিরাপত্তা সবার আগে এবং এর মধ্যে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য দেশের সেরা প্রশিক্ষিত জরুরি সেবাদানকারীগণ অন্তর্ভুক্ত," **গভর্নর হোকল বলেন**। "17 বছর ধরে, স্টেট প্রিপেয়ার্ডনেস ট্রেনিং সেন্টার জরুরি সেবাদানকারীদের সর্বাধুনিক, সমসাময়িক প্রশিক্ষণ নিশ্চিত করেছে যাতে তারা জনসাধারণের সুরক্ষার জন্য যেকোনো পরিস্থিতিতে কার্যকরভাবে সেবাদান করতে পারে। বছরের পর বছর ধরে, সেন্টারটি নিউ ইয়র্ক স্টেট জুড়ে

জননিরাপত্তা বিষয়ক পেশাদারদের বিস্তৃত আগ্রহীদের আকর্ষণ করতে তার কোর্স অফার এবং স্থানগুলোকে সম্প্রসারিত করেছে।"

স্টেট প্রিপেয়ার্ডনেস ট্রেইনিং সেন্টার (State Preparedness Training Center, SPTC) স্টেট, স্থানীয় এবং ফেডারেল সংস্থাগুলোকে প্রশিক্ষণের স্থান এবং বিন্যাসের একটি বিস্তৃত সেট প্রদান করে। শ্রেণীকক্ষের বক্তৃতা এবং আলোচনা থেকে বাস্তবতা- এবং উচ্চ-পারফরম্যান্সের দৃশ্যকল্প-ভিত্তিক অনুশীলন, সুবিধাটি গতিশীল প্রশিক্ষণের সুযোগের একটি সম্পূর্ণ পরিসর প্রদান করে। SPTC সংস্থাগুলোকে একটি সিমুলেটেড সিটি, একটি সুইফট ওয়াটার/ফ্লাড রেসকিউ ফ্যাসিলিটি, ধসে পড়া বিল্ডিং এর ধ্বংসস্তূপের স্তূপ, বনভূমিমূলক কাঠামো, ট্রেন গাড়ি এবং অন্যান্য সেটিংসের মতো বাস্তবসম্মত প্রশিক্ষণের পরিবেশ প্রদান করে। এখন এটির 17তম বছরে, এই ফ্যাসিলিটিটি প্রতি বছর নিউ ইয়র্কের হাজার হাজার জননিরাপত্তা বিষয়ক অংশীদারকে প্রশিক্ষণ প্রদান করে থাকে যার মধ্যে কয়েকটি হলো আইন প্রয়োগকারী, ফায়ার সার্ভিস, জরুরি চিকিৎসা পরিষেবা এবং জরুরি ব্যবস্থাপনা বিষয়ক কর্মীবৃন্দ, এলাকাভেদে রয়েছে অ্যাক্টিভ শ্যুটার ইভেন্ট, সংকটকালীন আলোচনা এবং চালকবিহীন বিমান সিস্টেম (unmanned aircraft systems, UAS) পরিচালনা।

2006 সালে সেন্টারটি চালুর পর থেকে, নিউ ইয়র্ক স্টেট জননিরাপত্তা বিষয়ক কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য একটি বিশ্বমানের ফ্যাসিলিটি তৈরিতে 40 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে। নিউ ইয়র্কের জননিরাপত্তা বিষয়ক কমিউনিটিকে প্রশিক্ষণ দেওয়া সেন্টারটির সর্বোচ্চ অগ্রাধিকার হলেও মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা এবং অন্যান্য দেশ জুড়ে জরুরি সেবাদানকারীগণ ওরিস্কানিতেই প্রশিক্ষণ নিয়েছেন।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস কমিশনার জ্যাকি ব্রে বলেন, "নিউ ইয়র্ক স্টেট বিশ্বের অন্যতম প্রধান জরুরি সেবাদানকারী বিষয়ক প্রশিক্ষণ সেন্টার পরিচালনা করে। সেন্টারে প্রশিক্ষণ গ্রহণকারী সেবাদানকারী এবং কর্মকর্তাগণ জরুরি পরিস্থিতির চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য আরো বেশি প্রশিক্ষিত। আমি 2024 সালে এই চমৎকার প্রশিক্ষণের স্থানটিতে স্টেট জুড়ে আরো বেশি জরুরি সেবাদানকারী, জরুরি প্রতিক্রিয়া এবং জননিরাপত্তা বিষয়ক দলকে স্বাগত জানাতে DHSES দলের সাথে কাজ করার অপেক্ষা আছি।

2023 সাল জুড়ে অসংখ্য কোর্স পরিচালনার পাশাপাশি, স্টেট প্রিপেয়ার্ডনেস ট্রেনিং সেন্টার বেশ কয়েকটি, বড় মাপের প্রশিক্ষণ ইভেন্টের আয়োজন করেছে যার মধ্যে রয়েছে:

- ক্যানাইন উইক: স্টেট জুড়ে 50টিরও বেশি বিস্ফোরক সনাক্তকরণ ক্যানাইন দল দৃশ্য-ভিত্তিক প্রশিক্ষণ এবং চ্যালেঞ্জিং দক্ষতামূলক প্রশিক্ষণের একটি সিরিজে অংশ নিয়েছিল। ক্যানাইন উইকের হাইলাইটগুলো দেখুন এখানে।
- কৌশলগত সপ্তাহ: স্টেট জুড়ে বিয়াল্লিশটি কৌশলগত দল অপারেটর তাদের সক্ষমতা যাচাই করার জন্য আধুনিক ব্যবস্থায় অংশগ্রহণ করেছিল। সিরাকিউজ পুলিশ ডিপার্টমেন্ট (The Syracuse Police Department) SWAT দল এই বছর 'শীর্ষ' দল হিসেবে পুরস্কার অর্জন করেছে। হাইলাইটগুলো দেখুন এখানে।

- জননিরাপত্তা আনমেনড এয়ারক্রাফট সিস্টেম সামিট: 350টিরও বেশি স্থানীয়, স্টেট এবং ফেডারেল UAS স্টেকহোল্ডারগণ তাদের জননিরাপত্তামূলক মিশনে এই প্রযুক্তিকে কিভাবে সমন্বয় করতে হয় তা শিখতে শীর্ষ সম্মেলনে অংশ নিয়েছিল।
- টেকনিক্যাল রেসকিউ কনফারেন্স: প্রায় 100 জন জরুরি সেবাদানকারী দড়ি, জল, স্থাপনা ধস, যানবাহন উদ্ধার এবং UAS উদ্ধারমূলক প্রশিক্ষণ পরিচালনার জন্য সম্মেলনে উপস্থিত ছিলেন।
- U.S. বোম্ব স্কোয়াড টেকনিশিয়ান অ্যাসোসিয়েশন ট্রেনিং টেকনোলজি এক্সারসাইজ: বর্তমান এবং উদীয়মান বোম্ব নিষ্ক্রিয়করণ প্রযুক্তি সম্পর্কে জানার জন্য সারা দেশ থেকে প্রায় 150 জন বোম্ব টেকনিশিয়ান এবং সামরিক বিস্ফোরক অস্ত্র সংশ্লিষ্ট ডিভাইসে পারদর্শী অংশগ্রহণকারী মহড়ায় অংশ নিয়েছিল।
- এক্সেলসিয়র চ্যালেঞ্জ: বোম্ব টেকনিশিয়ান, এক্সপ্লোসিভ ডিটেকশন ক্যানাইন দল এবং ট্যাকটিক্যাল দল অপারেটর সহ একশত পঞ্চাশজন আইন প্রয়োগকারী কর্মকর্তা বর্তমান হুমকিমূলক পরিবেশের উপর ভিত্তি করে দৃশ্য-ভিত্তিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছিল। 50টিরও বেশি বিভিন্ন সংস্থার আইন প্রয়োগকারী কর্মকর্তাগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করেছিল যা 2023 এক্সেলসিয়র চ্যালেঞ্জকে এর ইতিহাসে সবচেয়ে বড় মহড়ায় পরিণত করেছে।

2024 সালে, স্টেট প্রিপেয়ার্ডনেস ট্রেনিং সেন্টার ওরিস্কানিতে প্রদত্ত প্রশিক্ষণের ধরনগুলোকে বিস্তৃত করতে থাকবে, সেইসাথে এই প্রচেষ্টায় নিয়োজিত স্টেকহোল্ডার গোষ্ঠীগুলোকে নিশ্চিত করতে যে নিউ ইয়র্ক স্টেট ক্রমবর্ধমান হুমকিমূলক পরিবেশ মোকাবেলায় প্রস্তুত রয়েছে। পরের বছর সেন্টারটি পঞ্চমবারের জন্য রাভেন'স চ্যালেঞ্জ বোম্ব স্কোয়াড (Raven's Challenge Bomb Squad) মহড়ার আয়োজন করবে। প্রতি বছর এই মর্যাদাপূর্ণ ইভেন্টটি শুধুমাত্র জাতীয়ভাবে চারটি স্থানে আয়োজন করা হয় যা এক সপ্তাহের দৃশ্য-ভিত্তিক প্রশিক্ষণের জন্য আনুমানিক 200 জন স্থানীয়, স্টেট, ফেডারেল এবং আন্তর্জাতিক বোম্ব টেকনিশিয়ানদের একত্রিত করবে।

প্রধান ইভেন্টগুলো ছাড়াও, সেন্টারটি জননিরাপত্তা বিষয়ক কর্মকর্তাদের জন্য বিস্তৃত কোর্সের আয়োজন করবে। আরো তথ্য এবং আসন্ন কোর্সের তালিকা সম্পর্কে জানতে সেন্টারটির প্রশিক্ষণ ক্যালেন্ডার ভিজিট করুন।

স্টেট প্রিপেয়ার্ডনেস ট্রেনিং সেন্টার সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট হলো দেশের অন্যতম প্রধান জরুরি সেবাদানকারী সংশ্লিষ্ট প্রশিক্ষণ ফ্যাসিলিটির কেন্দ্রস্থল - যা ওরিস্কানির স্টেট প্রিপেয়ার্ডনেস ট্রেনিং সেন্টার (SPTC)। 1,100 একরজুড়ে অবস্থিত SPTC-তে ব্যাপক ব্যাপ্তির বাস্তবসম্মত প্রশিক্ষণ ভেন্যু, একটি দ্রুত পানি ও বন্যা প্রশিক্ষণ (Swift Water and Flood Training, SWFT) ভেন্যু, একটি 45,000 বর্গফুটের সিটিস্কেপ কমপ্লেক্স, এবং একটি আর্বান অনুসন্ধান ও উদ্ধার সিমুলেটর (Urban Search and Rescue, USAR) রয়েছে। শ্রেণীকক্ষের শিক্ষা ও আলোচনা থেকে শুরু করে দক্ষতা বিকাশের পথ হয়ে বাস্তব এবং উচ্চ-পারফর্ম্যান্স দৃশ্যকল্পভিত্তিক প্রশিক্ষণ পর্যন্ত, SPTC স্টেট, স্থানীয়, এবং

ফেডারেল এজেন্সিসমূহকে গতিশীল জরুরি প্রথম সাড়াদানকারী প্রশিক্ষণের একটি বিশাল ব্যাপ্তি প্রদান করে।

ডিভিশন অভ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সন্ত্রাস, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, অগ্নিকাণ্ড এবং অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ, সুরক্ষা, প্রস্তুতি, প্রতিক্রিয়া এবং পুনরুদ্ধারমূলক প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে থাকে। আরো তথ্য জানতে ফেসবুক পেজ দেখুন, টুইটারে এ @NYSDHSES অনুসরণ করুন বা dhses.ny.gov ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন